



ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়

রেজিস্ট্রারের কার্যালয়

www.iau.edu.bd



বাড়ি নং-১২৪/৯০/০৩, ব্লক-বি, সড়ক নং-০২, ওয়েস্ট ধানমন্ডি, বহিলা, মোহাম্মদপুর, ঢাকা-১২৩১

স্মারক নং- ইআবি:/রেজি:/প্রশা:/২০১৫/০২/ ১২০১৫

তারিখ: ১৬ ভাদ্র, ১৪৩০ বঙ্গাব্দ
৩১ অগস্ট ২০২৩ খ্রিস্টাব্দ

বিষয়: ফাজিল (স্নাতক) ও কামিল (স্নাতকোত্তর) পর্যায়ে মাদরাসাসমূহের শিক্ষার্থী সংখ্যা ক্রমবর্ধমান হারে হ্রাস পাওয়ায় “ছাত্র-ছাত্রীদের সংখ্যা বৃদ্ধির ক্ষেত্রে করণীয়” শীর্ষক আলোচনা সভায় অংশগ্রহণ করা প্রসঙ্গে।

আসসালামু আলাইকুম,

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় অধিভুক্ত সকল ফাজিল ও কামিল মাদরাসাসমূহের ছাত্র-ছাত্রীর সংখ্যা ক্রমবর্ধমান হারে হ্রাস পাওয়ায় আগামী ০৪ সেপ্টেম্বর, ২০২৩ খ্রি. তারিখ দুপুর ০২.০০ ঘটিকায় “ ছাত্র-ছাত্রীদের সংখ্যা বৃদ্ধির জন্য করণীয়” শীর্ষক ভার্চুয়াল আলোচনা সভার আয়োজন করা হয়েছে। উক্ত সভা অনলাইন প্রাটফর্ম “জুম অ্যাপস” এর মাধ্যমে অনুষ্ঠিত হবে। আলোচনা সভায় সভাপতিত্ব করবেন অধ্যাপক ড. মুহাম্মদ আব্দুর রশীদ, মাননীয় ভাইস চ্যান্সেলর ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা। অনুষ্ঠান সঞ্চালনা করবেন বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার ড. মোহাম্মদ কামরুল ইসলাম।

উক্ত ভার্চুয়াল আলোচনা সভায় ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় অধিভুক্ত সকল ফাজিল ও কামিল মাদরাসার অধ্যক্ষগণকে নিম্নে উল্লেখিত সময়সূচি মোতাবেক প্রদত্ত লিংক, আইডি এবং পাসওয়ার্ড ব্যবহার করে ভার্চুয়ালী সংযুক্ত থাকার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

ক্রম	বিভাগ	সময়সূচি	লিংক, মিটিং আইডি ও পাসওয়ার্ড
০১	ঢাকা, চট্টগ্রাম ও সিলেট বিভাগ এর সকল ফাজিল ও কামিল মাদরাসা	দুপুর: ০২:০০ টা থেকে দুপুর ০৩:৩০ টা পর্যন্ত	লিংক: iau.edu.bd/s1 মিটিং আইডি: 697 6569 0021 পাসওয়ার্ড: 136638
০২	খুলনা, রংপুর, রাজশাহী, ময়মনসিংহ ও বরিশাল এর সকল ফাজিল ও কামিল মাদরাসা	দুপুর: ০৩:৩০ টা থেকে বিকাল ০৫:০০ টা পর্যন্ত	লিংক: iau.edu.bd/s2 মিটিং আইডি: 612 5050 8785 পাসওয়ার্ড: 724260

বি: দ্র: অবশ্যই সকল অংশগ্রহণকারী অধ্যক্ষগণকে মাদরাসার নাম উল্লেখ করে জুম প্রাটফর্মে প্রবেশ করতে হবে।

ভাইস চ্যান্সেলর মহোদয়ের অনুমোদনক্রমে

স্বাক্ষরিত |

(ড. মোহাম্মদ কামরুল ইসলাম)
রেজিস্ট্রার

মোবাইল- ০১৭০৫৪০৮০০১
iauregistr@gmail.com

অধ্যক্ষ/ অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)

সকল বিভাগের ফাজিল ও কামিল মাদরাসা।

স্মারক নং- ইআবি:/রেজি:/প্রশা:/২০১৫/০২/১২০১৫

তারিখ: ১৬ ভাদ্র ১৪৩০ বঙ্গাব্দ
৩১ অগস্ট ২০২৩ খ্রিস্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. ডেপুটি রেজিস্ট্রার, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
২. পরিচালক (অর্থ ও হিসাব), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
৩. ভাইস চ্যান্সেলর মহোদয়ের একান্ত সচিব, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা (ভাইস চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৪. প্রো-ভাইস চ্যান্সেলর মহোদয়ের একান্ত সচিব, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা (প্রো-ভাইস চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৫. আই.সি.টি শাখা, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
৬. অফিস নথি।

(ড. মোঃ আবু হানিফা)
উপ-রেজিস্ট্রার